

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. নাহিদ রশীদ সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	২০/০২/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভায় উপস্থিত সদস্যদের তালিকা	:	সংযুক্ত (পরিশিষ্ট- ক)

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের গত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/ শাখা ভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :


ক্র নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১	মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করণ	মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। চলতি মাসে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নতুন ০২ (দুই) টি সাবমেন্যু "স্মার্ট বাংলাদেশ কর্ণার" ও "ডিজিটাল বাংলাদেশ টাঙ্কফোর্স সংক্রান্ত" সংযোজন করা হয়েছে। সংযোজিত সাবমেন্যু সম্পর্কে সকল কর্মকর্তাকে অবহিতকরণে পত্র প্রেরণ করা এবং ওয়েবসাইটে কর্মকর্তাদের নতুন টেলিফোন নম্বর আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে সংযোজিত সুশাসনের ০৫টি সেবাবক্স এবং নতুন সংযোজিত ই-সার্ভিস মেন্যুর অধীন ০২ (দুই) টি সাব-মেন্যু সম্পর্কে সকল কর্মকর্তাকে পত্রের মাধ্যমে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়।	সিস্টেম এনালিস্ট
৩.২	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন	মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম ৯০% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। চলতি মাসে ই-ফাইলিং এর অগ্রগতি ৮৮.৩৪%। যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের হার ৯০% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করা সহ যেসব শাখায় কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট
৩.৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম	এপিএ পরিদর্শন প্রতিবেদন বিষয়ে আলোচনা হয়। মোট ৯৫টি পরিদর্শনের মধ্যে জানুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ২৩টি প্রতিবেদন পাওয়া গেছে। দ্রুত পরিদর্শন সম্পন্ন করে সুপারিশ/মতামতসহ এপ্রিল ২০২৩ মাসের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার বিষয়ে আলোচনা হয়। মৎস্য খামার প্রদর্শনী পরিদর্শন, সরকারি হাঁস-মুরগির খামার পরিদর্শন এবং প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের কমপক্ষে ৩০% বাস্তবায়নের কার্যক্রম অন্তর্ভুক্ত আছে। আবশ্যিক কৌশলগত অংশে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ০৫টি কার্যক্রমের সূচকসমূহ মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের দপ্তরের জন্য একই হওয়ায় বাস্তবায়ন করা কঠিন এবং কোন	অনুবিভাগ/অধিশাখা/শাখা ভিত্তিক বিভাজিত পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের কপিটি পুনরায় সকলকে প্রেরণসহ সহজে বাস্তবায়ন করা সম্ভব এমন সুপারিশ/মতামত প্রদানের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ উপসচিব (প্রশাসন-১)

ক্র নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		কোন ক্ষেত্রে অসম্ভব বিধায় এ বিষয়ে মতামত প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।		
৩.৪	টেকসই উন্নয়ন অর্জন (SDG) বাস্তবায়ন	এসডিজি সংক্রান্ত ২য় জাতীয় কর্মপরিকল্পনা চূড়ান্ত করণের নিমিত্ত জিইডি'তে গত ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রদত্ত নির্দেশনা মোতাবেক তথ্য চেয়ে দপ্তর/সংস্থায় পত্র দেয়া হয়েছে। তথ্য প্রাপ্তির পর তা একীভূত করে শীঘ্রই জিইডি'তে প্রেরণ করা হবে। পক্ষান্তরে, লিড মন্ত্রণালয় হিসেবে অর্ডার-১৪ নিয়ে সভায় আলোচনা হয়।	এসডিজি জাতীয় কর্মপরিকল্পনার তথ্য জিইডি'তে প্রেরণ এবং অর্ডার-১৪ এর অগ্রগতি বিষয়ে কো-লিড, এসোসিয়েট, কাস্টোডিয়ান এজেন্সি, দায়িত্বপ্রাপ্ত এনজিও ও বিবিএস এর সমন্বয়ে কর্মশালা/সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও SDG ফোকাল পয়েন্ট।
৩.৫	অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত।	অধিশাখা/শাখার পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন পত্র বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়।	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ অনিষ্পন্ন পত্র সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট
৩.৬	মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা পরিদর্শন	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকল অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়।	কর্মকর্তাগণ শাখা/অধিশাখা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।
৩.৭	মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত	“বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২২”: খসড়া আইনটি ডেটিং এর জন্য ২১/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে ডেটিংপূর্বক এ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করা হয়। খসড়া বিলের সাথে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন থাকায় সংবিধানের অনুচ্ছেদ ৮২ অনুযায়ী বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণ প্রয়োজন বিধায় অর্থ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	অর্থ বিভাগের সাথে যোগাযোগ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব (আইন)
৩.৮	অডিট সংক্রান্ত	ক) ডিসেম্বর/২২ শেষে মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর/সংস্থার মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৪২০৮ টি। জানুয়ারি/২৩ মাসে প্রাপ্ত নতুন অডিট আপত্তির সংখ্যা ৯৫ টি। জানুয়ারি/২৩ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ৪৩০৩টি। খ) জানুয়ারি/২৩ মাসে মোট অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে ৪৫টি। জানুয়ারি/২৩ মাসের শেষে মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৪২৫৮টি। মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তিতে ত্রিপক্ষীয় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এবিষয়ে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের সাথে যোগাযোগ রাখার বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ত্রিপক্ষীয় সভা আয়োজনে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কার্যালয়ের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়।	অতিরিক্ত সচিব (প্রশাসন)
৩.৯	শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত	গত ১৫ জানুয়ারি/২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুন-ডিসেম্বর/২০২২) এর উপর ১৪ ফেব্রুয়ারি/২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়ের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। PIC	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর ১৪ ফেব্রুয়ারি/২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার সিদ্ধান্ত অনুযায়ী অবশিষ্ট প্রমাণক প্রেরণে সংশ্লিষ্ট	শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল

ক্র নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সভার ০২টি প্রমাণক ব্যতীত সকল প্রমাণক যথাযথভাবে প্রেরিত হয়েছে। এসংশ্লিষ্ট শাখায় পত্র প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	শাখায় পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	পয়েন্ট কর্মকর্তা
৩.১০	নথি বিনষ্টকরণ	নথি বিনষ্টকরণ সংক্রান্ত তথ্য কোয়ার্টারভিত্তিক আগামী মার্চ/২০২৩ মাসে উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্টে অতিরিক্ত সচিব (পরিচালনা) মহোদয়ের নেতৃত্বে “নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি” গঠন এবং এ কমিটির কার্যপরিধি নির্ধারণ এবং এ কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে শাখাভিত্তিক নথি বিনষ্টের বিষয়ে আলোচনা করা হয়।	শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্টে অতিরিক্ত সচিব (পরিচালনা) এর নেতৃত্বে “নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি” গঠন এবং এ কমিটির কার্যপরিধি নির্ধারণ এবং এ কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে শাখাভিত্তিক নথি বিনষ্টের নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব প্রশাসন-৩
৩.১১	মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত	মন্ত্রণালয়ে জানুয়ারি/২০২৩ মাসে ০৩ টি রীট মামলা প্রাপ্তি, ডিসেম্বর মাসে কোন মামলা নিষ্পত্তি না হওয়া এবং জানুয়ারি/২০২৩ পর্যন্ত মোট মামলার সংখ্যা ৪৩৩টি এর বিষয়ে আলোচনা করা হয়।	অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব আইন
৩.১২	অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত	এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ে কর্মরত ১০৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের জন্য চলতি অর্থবছরে ২য়-৯ম গ্রেড তদুর্ধ্ব ৩৩ জন কর্মকর্তা, ১০ম গ্রেডভুক্ত ২৭ জন কর্মকর্তা, ১১-১৬ গ্রেডভুক্ত ২২ জন কর্মচারীকে ইন-হাউজ বিষয়ক ০৩ টি এবং লার্নিং সেশন এর আওতায় ০৩ টিসহ মোট ০৬টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এপিএ এর সাথে সম্পর্কযুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং শুদ্ধাচার বিষয়ক ০৪ টি এবং মন্ত্রণালয়ের ১০ম-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের ০২টি সঞ্জীবনী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ০২-৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের মাথাপিছু ২৫ ঘন্টা, ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের মাথাপিছু ৩০ ঘন্টা, ১১-১৬তম গ্রেডভুক্ত কর্মচারীদের মাথাপিছু ৩০ ঘন্টা এবং ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের মাথাপিছু ২০ ঘন্টা প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের নির্দেশনা অনুযায়ী এপিএ-তে উল্লিখিত মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত ১৩ টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	উপসচিব প্রশাসন-৩
৩.১৩	বিবিধ	(ক) মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভা পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করা এবং প্রেরিত কার্যবিবরণীর উপর পরবর্তী ০৩ দিনের মধ্যে ফিডব্যাক সংগ্রহ করার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভা পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করা এবং প্রেরিত কার্যবিবরণীর উপর পরবর্তী ০৩ দিনের মধ্যে ফিডব্যাক সংগ্রহ করার নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসন অনুবিভাগ (উপসচিব/ প্রশাসন-৩ অধিশাখা)
		(খ) মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা যাওয়া নিয়মিত মনিটরিং করা এবং শাখা/অধিশাখা হতে প্রেরিত নথির নোটে কোন পর্যায়ে নিষ্পত্তিযোগ্য লেখার বিষয়ে আলোচনা করা হয়।	(খ) মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা যাওয়া নিয়মিত মনিটরিং করা এবং শাখা/অধিশাখা হতে স্বয়ংসম্পূর্ণ নোটের মাধ্যমে নথি উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সকল কর্মকর্তা/উপস চিব (প্রশাসন- ২)

ক্র নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
		(গ) মন্ত্রণালয়ে বহু বছর হতে রক্ষিত কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (বিশেষ কারণ/ইস্যু ব্যতীত) বিনষ্টে (কর্মকর্তা/কর্মচারীর চাকরি ০২ বছর অব্যবহিত পরবর্তী) সকল অনুবিভাগ প্রধানের সমন্বয়ে কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়।	(গ) মন্ত্রণালয়ে বহু বছর হতে রক্ষিত কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (বিশেষ কারণ/ইস্যু ব্যতীত) বিনষ্টে (কর্মকর্তা/ কর্মচারীর চাকরি ০২ বছর অব্যবহিত পরবর্তী) সকল অনুবিভাগ প্রধানের সমন্বয়ে কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হয়।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাহিদ রশীদ)

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়